

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
(www.lgd.gov.bd.)

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪৬.০২৭.০০.০০.৪৩২.২০১৭-০৮

তারিখ : ০১ জানুয়ারি ২০১৮

বিষয়: রিট পিটিশন নং ১৪২৫২/২০১৭ এর গত ২৯ নভেম্বর ২০১৭ তারিখের প্রদত্ত আদেশের বিরুদ্ধে উচ্চ আদালতে আপিল দায়ের ।

সূত্র: মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং ১৪২৫২/২০১৭; তারিখ: ২৯ নভেম্বর ২০১৭ ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার পলাশবাড়ী উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব মোঃ আবু তালেব সরকার এর বিরুদ্ধে স্পেশাল ট্রাইব্যুনাল নং ৪৪/১৪ ও ৭১/১৪ এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহিত হওয়ায় তাকে গত ১৫ ফেব্রুয়ারি ২০১৫ তারিখে সাময়িকভাবে বরখাস্ত করা হয় (সংযুক্তি-১)। উক্ত আদেশকে চ্যালেঞ্জ করে তিনি রিট পিটিশন নং ১০৯৩৭/২০১৬ দায়ের করেন এবং উক্ত রিট পিটিশন মামলায় স্থানীয় সরকার বিভাগের সাময়িকভাবে বরখাস্ত আদেশকে স্থগিত করা হয় (সংযুক্তি-২)। পরবর্তীতে উক্ত উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান এর বিরুদ্ধে (১) এস,সি ৩৫/১৬, জিআর ৩২/১৫ (২) এস,সি ১১৬/১৬ জি,আর ২৯/১৫ (৩) এস,সি ১১৫/১৫ জিআর ৩১/১৫ ও (৪) এস,সি ৫০/১৬ জিআর ৯/১৫ এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহিত হওয়ায় তাকে পুনরায় সাময়িকভাবে বরখাস্ত করা হয় (সংযুক্তি-৩)। উক্ত আদেশকে চ্যালেঞ্জ করে তিনি রিট পিটিশন নং ৫০৪১/২০১৭ দায়ের করেন এবং উক্ত রিট পিটিশন মামলায় স্থানীয় সরকার বিভাগের সাময়িকভাবে বরখাস্ত আদেশকে স্থগিত করা হয় (সংযুক্তি-৪)। অতঃপর উক্ত উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানের বিরুদ্ধে সেশন মামলা নং ৬৩৫/১৬, জিআর ১১/১৫ এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহিত হওয়ায় তাকে গত ০৪ অক্টোবর ২০১৭ তারিখে সাময়িকভাবে বরখাস্ত করা হয় (সংযুক্তি-৫)। উক্ত আদেশকে চ্যালেঞ্জ করে তিনি রিট পিটিশন নং ১৪২৫২/২০১৭ দায়ের করেন এবং উক্ত রিট পিটিশন মামলায় স্থানীয় সরকার বিভাগের সাময়িকভাবে বরখাস্ত আদেশকে স্থগিত করা হয় (সংযুক্তি-৬)।

২। উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান (দায়িত্ব, কর্তব্য ও আর্থিক সুবিধা) বিধিমালা, ২০১০ এর ৬(আ) বিধিতে নিম্নরূপ উল্লেখ রয়েছে (সংযুক্তি-৭) :

“চেয়ারম্যান বা কোন ভাইস চেয়ারম্যান ফৌজদারী অপরাধে অভিযুক্ত হইলে, এতদসম্পর্কিত আইনের বিধানাবলী সাপেক্ষে, তিনি উক্ত সময়ের সম্মানী ভাতা উত্তোলন করিতে পারিবেন নাঃ

তবে শর্ত থাকে যে, চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান তাঁহার বিরুদ্ধে আনীত অভিযোগ হইতে অব্যাহতি পাইলে বা বেকসুর খালাস প্রাপ্ত হইলে তিনি সমুদয় অর্থ বকেয়া হিসাবে উত্তোলন করিতে পারিবেন।”

৩। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১৪২৫২/২০১৭ এর গত ২৯ নভেম্বর ২০১৭ তারিখের প্রদত্ত আদেশের বিরুদ্ধে লীড টু আপীল দায়েরসহ মামলাটি প্রতিদ্বন্দ্বিতা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি :.....পাতা।

যুগ্মসচিব
আইন অধিশাখা
স্থানীয় সরকার বিভাগ।

J.A. Min
02/02/2018
(ড. জুলিয়া মঈন)
উপসচিব
ফোন : ৯৫৬২২৪৭

অনুলিপি:

- ০১। জেলা প্রশাসক, গাইবান্ধা।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, পলাশবাড়ী, গাইবান্ধা।
- ০৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশবাড়ী, গাইবান্ধা।
- ০৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।